UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: Date: ৩১ মার্চ ২০০৭

## প্রেস বিজ্ঞপ্তি

# জেএসএস কর্তৃক যুব ফোরাম নেতার ওপর হামলার নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) চট্টগ্রাম ইউনিটের নেতা অনিমেষ চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের সাধারণ সম্পাদক মিঠুন চাকমা, হিল উইমেন্স ফেডারেশনের সহ-সাধারণ সম্পাদক স্বর্ণা চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক সুনির্মল চাকমা এক যুক্ত বিবৃতিতে আজ ৩১ মার্চ সন্তু লারমা মদদপুষ্ট সন্ত্রাসী কর্তৃক গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক ও বন্দর মহানগর শাখার সভাপতি রিংকু চাকমার ওপর হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তারা অবিলম্বে জেএসএস সন্ত্রাসীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার দাবি জানান।

ঘটনার বর্ণনা দিয়ে বিবৃতিতে তারা বলেন, সন্ধ্যা সোয়া সাতটার দিকে রিংকু চাকমা ও যুব ফোরামের অন্য কয়েকজন সদস্য বন্দর থানায় ব্যারিষ্টার কলেজ এলাকায় বন্ধুর বাসায় বেড়াতে গেলে সহদেব, যতিন, বিরাজ ও সুমন্ড় নেতৃত্বে ১৫ - ২০ জনের জেএসএস-এর সন্ত্রাসী মদ্যপ অবস্থায় তাদের ওপর হামলা চালায়। এতে নিক্ষেপ করা ইটের আঘাতে রিংকু চাকমা মারাত্মকভাবে আহত হন। তাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়া আঘাতপ্রাপ্ত হন সুশীল চাকমা ও পলেন চাকমা।

ঘটনার পর বন্দর থানায় মামলা দিতে গেলে দায়িত্বরত পুলিশ অফিসার তাদেরকে মেডিকেল সার্টিফিকেট আনতে বলেন। ফলে এখনো মামলা দায়ের করা সম্ভব হয়নি।

বিবৃতিতে তারা বলেন, ইতিপূর্বে বন্দরে বেশ কয়েকবার এভাবে জেএসএস সন্ত্রাসীরা হামলা চালালেও পুলিশ-এর পক্ষ থেকে তাদেরকে গ্রেফতারের জন্য কোন পদক্ষেপ নেয়া হয়নি। এতে সন্ত্রাসীরা আরো বেশী উৎসাহিত হয়।

**রিপন চাকমা**
প্রেস সেকশন
ইউনাইটড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
চট্টগ্রাম ইউনিট